ক) সরল বাক্যে খ) যৌগিক বাক্যে গ) জটিল বাক্যে ঘ) মিশ্র বাক্যে

১.১৬ 'আমি মাথা পেতে নেব।' উদাহরণটি যে বাচ্যের, তা হল—

ক) কর্তৃবাচ্যের খ) কর্মবাচ্যের গ) ভাববাচ্যের ঘ) কর্মকর্তৃবাচ্যের

১.১৭ কর্মকর্তৃবাচ্যের উদাহরণ হল —

ক) ঢাকিরা ঢাক বাজায় খ) ঢাক বাজে গ) ঢাক বাজায় ঘ) ঢাক বাজানো হল

২. **কম-বেশি ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ** ১৯×১ =১৯

২.১ **যেকোনো ৪ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×১= ৪

২.১.১ "পরম সুখ, কাকে বলে জানেন"?—বক্তা 'পরমসুখ' বলতে কী বুঝিয়েছেন?

২.১.২ অপূর্ব তার বাড়িতে চুরির খবর কখন, কাকে দিতে গিয়েছিল?

২.১.৩ "ও আমাকে শিখিয়েছে, খাঁটি জিনিস কাকে বলে।" — 'খাঁটি জিনিস' বলতে কী বোঝানো হয়েছে ?

২.১.৪ "সে প্রতিদিন নদীকে দেখে।"—'সে' কে? সে কোন্ নদীকে কেন দেখে?

২.১.৫ "মেসোর উপযুক্ত কাজ হবে সেটা।" — কোনটা মেসোর উপযুক্ত কাজ হবে ?

২.২ **যেকোনো ৪ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×১= ৪

২.২.১ "নেমে এল তার মাথার ওপর।" — কার মাথার ওপর কী নেমে আসার কথা বলা হয়েছে?

২.২.২ "আমাদের চোখ মুখ ঢাকা" — একথা বলার কারণ কী?

২.২.৩ "তুরিত গমনে আসি" — 'তুরিত গমনে' এসে পদ্মা কী দেখতে পেলেন?

২.২.৪ "তোরা সব জয়ধ্বনি কর" — কবি কাদের জয়ধ্বনি করতে বলেছেন ?

২.২.৫ "বলো ক্ষমা করো।" — কীসের জন্য এই ক্ষমা প্রার্থনা?

২.৩ **যেকোনো ৩ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৩×১=৩

২.৩.১ 'বড়োরা শিখিয়ে দিয়েছিলেন,' — বড়োরা কী শিখিয়ে দিয়েছিলেন?

২.৩.২ "সেই আঘাতেরই পরিণতি নাকি তাঁর মৃত্যু।" — কোন আঘাতের পরিণতিতে মৃত্যুর কথা বলা হয়েছে?

২.৩.৩ 'পারিভাষিক শব্দ' বলতে কী বোঝ?

২.৩.৪ "এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত।" — কোন্ কথাটি?

২.৪ **যেকোনো ৮ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৮×১=৮

২.৪.১ 'নির্দেশক' কী একটি উদাহরণ দাও।

২.৪.২ তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.৩ বাক্যাশ্রয়ী সমাসের নাম বাক্যাশ্রয়ী কেন?

২.৪.৪ কোন বাচ্যের রূপান্তর সম্ভব নয় ?

২.৪.৫ আপনার কোথায় থাকা হয় — কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.৬ ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করোঃ 'মৌমাছি'

২.৪.৭ একটি অনুজ্ঞাসূচক বাক্যের উদাহরণ দাও।

২.৪.৮ সম্বন্ধ পদ ও সম্বোধন পদের পার্থক্য কী?

২.৪.৯ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো।

২.৪.১০ টাকায় কত কী না হয় - নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

৩.১ **যেকোনো ১ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৩=৩

৩.১.১ 'বুনো হাঁস ধরাই যে, এদের কাজ'— কাদের কথা বলা হয়েছে? এমন মন্তব্যের কারণ কী? ১+২

৩.১.২ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।" — কে বুঝতে পেরেছে? নদীর বিদ্রোহ বলতে সে কী বোঝাতে চেয়েছে? ১+২

৩.২ **যেকোনো ১ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৩=৩

৩.২.১ "হায়, বিধি বাম মম প্রতি" — বক্তা কে? তিনি এমন কথা বলেছেন কেন? ১+২

৩.২.২ "রক্ত মুছি গানের গায়ে" — এর মর্মার্থ লেখো।

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



৪. **কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫

৪.১ "হঠাৎ অমৃতের মাথায় একটা বুদ্ধি খেলে গেল।" — অমৃত কে তার মাথায় হঠাৎ খেলে যাওয়া বুদ্ধি দুই বন্ধুকে কীভাবে বাঁচিয়েছিল? ১+৪

৪.২ "যাকে খুঁজছেন তার কালচারের কথাটা একবার ভেবে দেখুন।" — কাকে খোঁজার কথা বলা হয়েছে? যাকে থানায় আনা হয়েছিল তার কালচারের পরিচয় দাও। ১+৪

৫. **কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫

৫.১ 'কাল ভয়ংকরের বেশে এবার ওই আসে সুন্দর!' — 'কাল-ভয়ংকর' কে? কবি তাকে সুন্দর বলেছেন কেন? ১+৪

৫.২ 'এল ওরা লোহার হাতকড়ি নিয়ে' — ওরা কারা ওদের নগ্নরূপের পরিচয় দাও। ১+৪

৬. **কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫

৬.১ "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে" — কোন্ জিনিস আজ অবলুপ্তির পথে? এই অবলুপ্তির কারণ বিষয়ে লেখকের মতামত কী?

৬.২ 'বৈজ্ঞানিক সন্দর্ভ' কী ? বৈজ্ঞানিক সন্দর্ভ লেখার জন্য কেমন রচনা পদ্ধতি প্রয়োজন বলে লেখক মনে করেন?

৭. **কম-বেশি ১২৫ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪

৭.১ "আমার এই অক্ষমতার জন্য তোমরা আমাকে ক্ষমা করো।" — বক্তা কে? কাদের তিনি একথা বলেছেন? কোন অক্ষমতার কথা তিনি ব্যক্ত করেছেন? ১+১+২

৭.২ 'এইবার হয়তো শেষ যুদ্ধ' — কোন্ যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা এই যুদ্ধকে শেষ যুদ্ধ বলেছেন কেন? ১+৩

৮. **কম-বেশি ১৫০ শব্দে যেকোনো ২ টি প্রশ্নের উত্তর দাও ঃ** ২×৫= ১০

৮.১ "আজ বারুণী" — 'বারুণী' কী? সেদিনের গঙ্গার ঘাটের দৃশ্য নিজের ভাষায় লেখো। ১+৪

৮.২ "চার বছরের মধ্যেই 'প্রজাপতি' ডানা মেলে দিয়েছে।" 'প্রজাপতি' কী? কার তত্ত্বাবধানে, কীভাবে 'প্রজাপতি' ডানা মেলে দিয়েছে? ১+১+৩

৮.৩ "এটা বুকের মধ্যে পুষে রাখুক।" — কী পুষে রাখার কথা বলা হয়েছে? কী কারণে এই পুষে রাখা? ১+৪

৯. **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ** ৪

Student life is the stage of preparation of future. This is most important period of life. A student is young today, but he will be a man tomorrow. As a Student, his first duty is to study and learn.

১০. **কম-বেশি ১৫০ শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫

১০.১ 'পরীক্ষায় পাস-ফেল থাকা উচিত কি না' — এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য উর্ধমুখী' — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. **কম-বেশি ৪০০ শব্দে যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ** ১০

১১.১ বিজ্ঞান ও কুসংস্কার

১১.২ জাতীয় সংহতি ও বিচ্ছিন্নতাবাদ

১১.৩ চরিত্র গঠনে খেলাধুলার ভূমিকা

১১.৪ প্রাকৃতিক বিপর্যয়-সমস্যা ও প্রতিকার।

---

## ANSWER KEY

১.১ (ঘ) জগদীশবাবু ১.২ (ক) জামা ছিঁড়ে যাওয়া ১.৩ (ক) ৭ নং ডাউন প্যাসেঞ্জার ১.৪ (গ) কবির ভালোবাসার জন ১.৫ (গ) সন্ধ্যাবেলা ১.৬ (ক) ইন্দ্রজিৎ ১.৭ (গ) পরশুরাম ১.৮ (ক) অভিধা ১.৯ (গ) কুইল ১.১০ (খ) অব্যয় ১.১১ গ) কর্মে বীপ্সা ১.১২ ঘ) ব্যাসবাক্য অনুসারে ১.১৩ ক) নিত্য সমাস ১.১৪ ক) যোগ্যতা নেই ১.১৫ গ) জটিল বাক্যে ১.১৬ ক) কর্তৃবাচ্যের ১.১৭ খ) ঢাক বাজে

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



# JALPAIGURI MEHERUNNESSA HIGH SCHOOL (H.S)
## BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১৭×১=১৭

১.১) পুলিশ সেজে হরিদা দাঁড়িয়েছিলেন—
(ক) জগদীশবাবুর বাড়ি (খ) চকের বাসস্ট্যান্ডে (গ) দয়ালবাবুর লিচুবাগানে (ঘ) চায়ের দোকানে

১.২) নদের চাঁদের বয়স—
(ক) পঁচিশ বছর (খ) ত্রিশ বছর (গ) পঁয়ত্রিশ বছর (ঘ) চল্লিশ বছর

১.৩) তপনের মেসো যেটা বলে অর্ধেক খাবার তুলিয়ে দেন—
(ক) আরে, এত কখনো খেতে পারি? (খ) আরে ব্যাস, এত কখনো খেতে পারি?
(গ) আরে, এত কখনো খাওয়া যায়? (ঘ) আরে ব্যাস, এত কখনো খাওয়া যায়?

১.৪) "সাজিলা শূর শমীবৃক্ষ মূলে"—এখানে শূর হলেন —
(ক) ইন্দ্রজিৎ (খ) বীরবাহু (গ) রাবণ (ঘ) লক্ষ্মণ

১.৫) "তারা আর স্বপ্ন দেখতে পারল না।" — কারা স্বপ্ন দেখতে পারল না?
(ক) সেই মেয়েটি (খ) গির্জার নান (গ) কবিতার কথক (ঘ) শান্ত হলুদ দেবতারা

১.৬) "গান বাঁধবে সহস্র উপায়ে"— কে গান বাঁধবে?
(ক) চিল (খ) কোকিল (গ) শকুন (ঘ) ময়ূর

১.৭) পালকের কলমের ইংরেজি নাম হল—
(ক) স্টাইলাস (খ) ফাউন্টেন পেন (গ) কুইল (ঘ) রিজার্ভার পেন

১.৮) "হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড" — উক্তিটি —
(ক) রবীন্দ্রনাথের (খ) বঙ্কিমচন্দ্রের (গ) কালিদাসের (ঘ) বিদ্যাসাগরের

১.৯) অনুসর্গের দৃষ্টান্ত কোনটি?
(ক) জন্য (খ) খানা (গ) টি (ঘ) গাছা

১.১০) দ্বন্দ্ব সমাসে অর্থ প্রাধান্য থাকে—
(ক) পূর্বপদের (খ) উভয় পদের (গ) পরপদের (ঘ) অন্য পদের

১.১১) "ইসাবের <u>মেজাজ</u> চড়ে গেল"— নিম্নরেখ পদটি কোন কারকের উদাহরণ?
(ক) কর্মকারক (খ) করণ কারক (গ) কর্তৃ কারক (ঘ) অপাদান কারক

১.১২) "অস্ত্রের বিরুদ্ধে গান" কবিতায় কবি অস্ত্র রাখতে বলেছেন —
(ক) ঋষি বালকের পায়ে (খ) নদীতে (গ) দেশগায়ে (ঘ) গানের দুটি পায়ে

১.১৩) 'তোরা সব জয়ধ্বনি কর' — এটি কি জাতীয় বাক্য—
(ক) নির্দেশক বাক্য (খ) অনুজ্ঞাসূচক বাক্য (গ) আবেগসূচক বাক্য (ঘ) প্রার্থনাসূচক বাক্য

১.১৪) 'চিরসুখী' পদটি হল—
(ক) করণ তৎপুরুষ (খ) কর্ম তৎপুরুষ (গ) ব্যাপ্তি তৎপুরুষ (ঘ) সম্বন্ধ তৎপুরুষ

১.১৫) "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে"— এটি কোন বাচ্যের উদাহরণ?
(ক) কর্মবাচ্য (খ) ভাববাচ্য (গ) কর্তৃবাচ্য কর্মকর্তৃবাচ্য

১.১৬) "যে গাড়ি চলছে তাতে উঠতে যেও না"— এটি কোন শ্রেণীর বাক্য?
(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য (গ) মিশ্র বাক্য (ঘ) যৌগিক বাক্য

১.১৭) অন্যের পরিচালনায় যে কর্তা কাজ করে তাকে বলে —
(ক) প্রযোজক কর্তা (খ) প্রযোজ্য কর্তা (গ) সহযোগী কর্তা (ঘ) উহ্যকর্তা

২। **কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও :** ১৯×১=১৯

**২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** ৪×১=৪

২.১.১) "আক্ষেপ করেন হরিদা"— হরিদার আক্ষেপ করার কারণ কী?

২.১.২) "সে ওদের আনন্দ মাটি করার জন্য বলল" — এখানে 'সে' কে?

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips

২.১.৩) "বড় ভয় করিতে লাগিল নদেরচাঁদের"— নদেরচাঁদের ভয়ের কারণ কী?

২.১.৪) "আমার পক্ষে সম্ভব নয়"— বক্তার পক্ষে কী সম্ভব নয়?

২.১.৫) "রত্নের মুল্য জহুরীর কাছেই"— কথাটির অর্থ কী?

**২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** ৪×১=৪

২.২.১) "যেখানে ছিল শহর"— সেখানকার কী অবস্থা হল?

২.২.২) "কালো ঘোমটার নিচে অপরিচিত ছিল"— কী অপরিচিত ছিল?

২.২.৩) "হা ধিক্ মোরে"— বক্তা নিজেকে ধিক্কার দিয়েছে কেন?

২.২.৪) "তথা কন্যা থাকে সর্বক্ষণ"— কন্যা কোথায় থাকে?

২.২.৫) "ধ্বংস দেখে ভয় কেন তোর"— কবি এ প্রশ্ন কাদের উদ্দেশ্যে করেছেন?

**২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** ৩×১=৩

২.৩.১) "জন্ম নিল ফাউন্টেন পেন"— ফাউন্টেন পেনের জন্ম বৃত্তান্তটি লেখ।

২.৩.২) "লাঠি তোমার দিন ফুরাইয়াছে"— কথাটি কে কাকে বলেছিলেন?

২.৩.৩) "এতে রচনা উৎকট হয়"— রচনা উৎকট হয় কিসে?

২.৩.৪) প্রয়োজনমত বাংলা শব্দ পাওয়া না গেলে কী করা উচিত বলে লেখক মনে করেন?

**২.৪. নীচের যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখো :** ৮×১=৮

২.৪.১) অব্যয়ীভাব সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.২) নিরপেক্ষ কর্তার উদাহরণ দাও।

২.৪.৩) সমধাতুজ কর্ম বলতে কী বোঝো?

২.৪.৪) বাক্যনির্মাণের শর্তগুলি কী কী?

২.৪.৫) সম্বন্ধ পদ কারক নয় কেন?

২.৪.৬) তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.৭) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় কর।
"পৃথিবী হয়তো বেঁচে আছে"

২.৪.৮) ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৯) 'বহুরূপী' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম করো।

২.৪.১০) " নদীর ধারে তার জন্ম হইয়াছে।" — কর্তৃবাচ্যে পরিণত কর।

৩। **প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও :**

**৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৩=৩

৩.১.১) "ছেলেদুটোর সবই একরকম, তফাৎ শুধু এই যে"— ছেলে দুটি কে? তাদের মধ্যে তফাৎ কোথায়?

৩.১.২) "নদীর বিদ্রোহের কারণ সে বুঝতে পারিয়াছে"— সে কে? সে কীভাবে নদীর বিদ্রোহের কারণ বুঝতে পেরেছে?

**৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৩=৩

৩.২.১) "সে জানতো না আমি আর কখনো ফিরে আসবো না"— সে কে? "আমি আর কখনো ফিরে আসবো না" বলার কারণ কী? ১+২

৩.২.১) "এলো মানুষ ধরার দল"— 'মানুষ ধরার দল' কোথায় এলো? তাদের 'মানুষ ধরার দল' বলার কারণ কী? ১+২

৪। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৫=৫

৪.১) "হরিদার জীবনে সত্যিই একটা নাটকীয় বৈচিত্র্য আছে"— বহুরূপী হরিদার কর্মকাণ্ডের মাধ্যমে যেভাবে নাটকীয় বৈচিত্র্য ধরা পড়েছে, তা লেখ।

৪.২) "ও আমাকে শিখিয়েছে, খাঁটি জিনিস কাকে বলে।" — কে কাকে শিখিয়েছে? 'খাটি জিনিস' বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



৫। কম-বেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো : ১×৫

৫.১) "হায়, বিধি বাম মম প্রতি"— বক্তা কে? তার এরূপ বক্তব্যের কারণ কী?

৫.২) "আর সেই মেয়েটি আমার অপেক্ষায়"— মেয়েটি কে? কবিতা অবলম্বনে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখ।

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ১×৫

৬.১) "বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনও নানারকম বাধা আছে।"— লেখক কোন ধরনের বাধার কথা বলেছেন

৬.২) "আমার মনে পড়ে প্রথম ফাউন্টেন কেনার কথা"— বক্তার আসল নাম কী? তার ফাউন্টেন কেনার ঘটনা সংক্ষেপে বিবৃত কর।

৭। কম-বেশি ১২৫ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো : ১×৪

৭.১) "এইবার হয়তো শেষ যুদ্ধ"— কোন যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা এই যুদ্ধকে 'শেষ যুদ্ধ' বলেছেন কে

৭.২) "দরবার ত্যাগ করতে আমরা বাধ্য হচ্ছি জাঁহাপনা"— বক্তা কে? তারা কেন দরবার ত্যাগ করতে চান?

৮। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ২×৫=১

৮.১) "ফাইট কোনি ফাইট"— সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরনের ফাইট করতে হয়েছিল নিজের ভাষায় লেখ।

৮.২) "ক্ষিদ্দা এবার আমরা কি খাব"— বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তি কীভাবে তাদের সাহায্য করেছেন?

৮.৩) "খাওয়ায় আমার লোভ নেই। ডায়েটিং করি"- বক্তা কে? তার ডায়েটিং এর পরিচয় দাও।

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :

Home is the first school where the child learns his first lesson. He sees, hears and begin learn at home. In a good home honest and healthy man are made. Bad influence at home spoi a child.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ১×৫=

১০.১) মাধ্যমিকের পর কী বিষয় নিয়ে পড়বে — এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২) তোমার এলাকায় এ বছর প্রথম বইমেলা হচ্ছে — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। অনধিক ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :

১১.১) বিজ্ঞানের ভালো - মন্দ।

১১.২) একটি ভ্রমণের অভিজ্ঞতা।

১১.৩) শিক্ষা বিস্তারে গণমাধ্যমের ভূমিকা।

১১.৪) বিশ্বকাপ ফুটবল।

---

## ANSWER KEY

১.১. (গ) দয়ালবাবুর লিচুবাগানে ১.২. (খ) ত্রিশ বছর ১.৩. (ঘ) আরে ব্যাস, এত কখনো খাওয়া যায় ১.৪. (ক) ইন্দ্রজিৎ ১.৫. (ঘ) শান্ত হলুদ দেবতারা ১.৬. (খ) কোকিল ১.৭. (গ) কুইল ১.৮. (গ) কালিদাসে ১.৯. (ক) জন্য ১.১০. (খ) উভয় পদের ১.১১. (ক) কর্মকারক ১.১২. (ঘ) গানের দুটি পা ১.১৩. (খ) অনুজ্ঞাসূচক বাক্য ১.১৪. (গ) ব্যাপ্তি তৎপুরুষ ১.১৫. (গ) কর্তৃবাচ্য ১.১৬. (খ) জটিল বা ১.১৭. (খ) প্রযোজ্য কর্তা

---

## KANTANAGAR HIGH SCHOOL (H.S.)
### BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১৭×১=১

১.১. নদেরচাঁদের স্ত্রীকে লেখা চিঠি ছিল—

ক) দু-পৃষ্ঠার খ) তিন-পৃষ্ঠার গ) চার পৃষ্ঠার ঘ) পাঁচ-পৃষ্ঠার

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



১.২. "বাবুজী এসব কথা বলার দুঃখ আছে"— 'বাবুজি' বলতে কাকে বোঝানো হয়েছে?
ক) নিমাইবাবু খ) জগদীশবাবু গ) রামদাস ঘ) অপূর্ব

১.৩. 'খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো'— কথাটি বলেছিল -
ক) জগদীশবাবু খ) স্কুলের শিক্ষক গ) বাসের ড্রাইভার কাশীনাথ ঘ) বিরাগী সন্ন্যাসী

১.৪. 'হয়তো গেছে মরে'- কার কথা বলা হয়েছে —
ক) পশুদের খ) শিশুদের গ) ইতিহাসের ঘ) পৃথিবীর

১.৫. আফ্রিকার 'চেতনাতীত' মনে মন্ত্র জাগাচ্ছিল —
ক) প্রকৃতির দৃষ্টি অতীত জাদু খ) রুদ্র সমুদ্রের বাহু
গ) বনস্পতির নিবিড় পাহারা ঘ) মানুষ ধরার দল

১.৬. দিগম্বরেরর জটায় হাসে —
ক) শিশু চাঁদের আলো খ) শিশিরের ঝলমলে আলো
গ) সূর্যের আলো ঘ) শিশু-চাঁদের কর

১.৭. "কলমে কায়স্থ চিনি, গোঁফেতে ______" শূন্যস্থানে সঠিক শব্দটি হবে—
ক) বাঙালি খ) রাজপুত গ) মারাঠি ঘ) অসমীয়া

১.৮. 'বাবু কুইল ড্রাইভার'— কথাটি বলেছিলেন —
ক) লর্ড কার্জন খ) লর্ড ওয়েলেসলি গ) লর্ড ক্লাইভ ঘ) মহারাজ নন্দকুমার

১.৯. যাদের জন্য বিজ্ঞান বিষয়ক বাংলা গ্রন্থ বা প্রবন্ধ লেখা হয় তাদের প্রথম শ্রেণিটি হল —
ক) ইংরেজি ভাষায় দক্ষ খ) বাংলা ভাষায় দক্ষ
গ) ইংরেজি জানে না বা অতি অল্প জানে ঘ) ইংরেজি জানে এবং ইংরেজি ভাষায় অল্পাধিক বিজ্ঞান পড়েছে

১.১০. 'তোরা সব জয়ধ্বনি কর' - 'জয়ধ্বনি' পদটির ব্যাসবাক্য হবে —
ক) জয়সূচক ধ্বনি খ) জয়ের নিমিত্ত যে ধ্বনি
গ) জয় যে ধ্বনি ঘ) জয়কে ধ্বনি

১.১১. উপমেয় ও উপমানের মধ্যে অভেদ কল্পনা করা হয় . যে সমাসে —
ক) রূপক কর্মধারয় খ) উপমিত কর্মধারয় গ) উপমান কর্মধারয় ঘ) সাধারণ কর্মধারয়

১.১২. 'অস্ত্র-ফ্যালো, <u>অস্ত্র</u> রাখো পায়ে — নিম্নরেখ পদটি কোন কারকের উদাহরণ? —
ক) অপাদান কারক খ) অধিকরণ কারক গ) কর্মকারক ঘ) কর্তৃকারক

১.১৩. 'সম্বোধন' শব্দের অর্থ হল —
ক) সম্পর্ক খ) আহ্বান গ) সম্যক ধ্বনি ঘ) পরিচিতি

১.১৪. স্পষ্টভাবে বাক্যের অর্থ বোঝার জন্য একটি পদের পরে অন্য পদটি শোনার আগ্রহকে বলে -
ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা গ) যোগ্যতা ঘ) সম্প্রসারক

১.১৫. সরল বাক্যে সমাপকি ক্রিয়া থাকে—
ক) একটি খ) দুটি গ) তিনটি ঘ) নির্দিষ্ট সংখ্যা নেই

১.১৬. কোন বাচ্যে কর্মই কর্তা হয়ে ওঠে ?
ক) কর্মবাচ্যে খ) কর্তৃবাচ্যে গ) কর্মকর্তৃবাচ্যে ঘ) ভাববাচ্যে

১.১৭. আপনার জানা নেই > আপনি জানেন না, কী ধরনের বাচ্যান্তর?
ক) কর্মবাচ্য > কর্তৃবাচ্য খ) কর্তৃবাচ্য > কর্মবাচ্য গ) ভাববাচ্য > কর্তৃবাচ্য ঘ) কর্তৃবাচ্য > ভাববাচ্য

**২। কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১৯×১=১৯**

**২.১. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১=৪**

২.১.১. 'নদের চাঁদ সব বোঝে'— নদের চাঁদ কী বোঝে ?

২.১.২. হরিদা কোথায় থাকতেন?

২.১.৩. 'অদল বদল' গল্পটি কে বাংলায় তরজমা করেন?

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips

২.১.৪. তপনের লেখা গল্পটি কোন পত্রিকায় ছাপানো হয়েছিল?

২.১.৫. 'ইত্যবসরে এই ব্যাপার' — কোন ব্যাপারের কথা বলা হয়েছে?

**২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** ৪×১

২.২.১. বীরবাহুর মৃত্যুসংবাদ কে কাকে দিয়েছিল?

২.২.২. 'এবার মহানিশার শেষে'— কে আসবে?

২.২.৩. শিশুদের শব কোথায় ছড়ানো রয়েছে?

২.২.৪. 'সব চূর্ণ হয়ে গেল'— কী কী চূর্ণ হয়ে গেল?

২.২.৫. 'বিস্মিত হইল বালা' — বালার বিস্মিত হওয়ার কারণ কী?

**২.৩. যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** ৩×১

২.৩.১. পরিভাষার উদ্দেশ্য কী?

২.৩.২. প্রয়োজনমতো বাংলা শব্দ না পাওয়া গেলে কী করা উচিত বলে লেখক মনে করেছেন?

২.৩.৪. 'মুঘল দরবারে একদিন তাঁদের কত না খাতির'- কাদের কথা বলা হয়েছে?

২.৩.৫. দুজন সাহিত্যিকের নাম করো যাঁদের নেশা ছিল ফাউন্টেন পেন সংগ্রহ করা।

**২.৪. যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :** ৮×১

২.৪.১. তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.২. নিত্য সমাস কাকে বলে?

২.৪.৩ পশ্চাৎ অর্থে অব্যয়ীভাব সমাসের একটি উদাহরন দাও।

২.৪.৪. প্রযোজক কর্তার উদাহরণ দাও।

২.৪.৫. ফুরফুরে মাঠের হাওয়ায় আরাম পেলাম। — বাক্য নির্মাণের কোন শর্ত এখানে লঙ্ঘিত হয়েছে?

২.৪.৬. "এল ওরা লোহার হাতকড়ি নিয়ে"— জটিল বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭. "সেখানে ছড়িয়ে রইল কাঠকয়লা"— নিম্নরেখ পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৮. "বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের"— কর্তৃবাচ্যে পরিণত করো।

২.৪.৯. 'আন রথ ত্বরা করি'। — ভাববাচ্যে পরিণত করো।

২.৪.১০. নীচের ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো —'মেঘের দ্বারা আচ্ছন্ন'।

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ** ৩+৩

**৩.১. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৩

৩.১.১. 'তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়'— কার ঢং কেন নষ্ট হয়ে যায়? ১

৩.১.২. 'নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে'। — নদীর বিদ্রোহের কারণ কী ছিল?

**৩.২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৩

৩.২.১. 'মাথায় কত শকুন বা চিল' — কবি কাদের 'শকুন বা চিল' বলেছেন এবং কেন? ১+২

৩.২.২. "অতি মনোহর দেশ" — কোন কবিতার অংশ? মনোহর দেশটির বর্ণনা দাও। ১+২

**৪। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ**

৪.১. 'তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন'- কোন দিন তপনের এমন মনে হয়েছি এরকম মনে হওয়ার কারণ কী?

৪.২. 'ও আমাকে শিখিয়েছে খাঁটি জিনিস কাকে বলে'— কথাটি কে বলেছে? খাঁটি জিনিসটি কে কীভাবে শিখিয়ে

**৫। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ**

৫.১. 'চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে' — কাকে একথা বলা হয়েছে? কীভাবে তার অপম ইতিহাসে চিরচিহ্ন মুদ্রিত হল?

৫.২. 'হা ধিক মোরে'— বক্তা কেন নিজেকে ধিক্কার দিয়েছেন? পাঠ্যাংশ অবলম্বনে তাঁর চরিত্র-বৈশিষ্ট্য আলো করো।

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips

৬। **কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ**

৬.১. "আমার মনে পড়ে প্রথম ফাউন্টেন কেনার কথা"— বক্তার আসল নাম কী? তাঁর ফাউন্টেন পেন কেনার ঘটনাটি সংক্ষেপে বিবৃত করো। ১+৪

৬.২. "এই দোষ মুক্ত না হলে বাংলা বৈজ্ঞানিক সাহিত্য সুপ্রতিষ্ঠিত হবে না"— এই 'দোষ' বলতে কোন দোষের কথা বলা হয়েছে? বৈজ্ঞানিক সাহিত্য কীভাবে সুপ্রতিষ্ঠিত হবে বলে প্রাবন্ধিক মনে করেন? ২+৩

৭। **কম-বেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪

৭.১. 'মুন্সিজী,এই পত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন' — কে কাকে পত্র লিখেছিলেন? এই পত্রে কী ছিল? ১+৩

৭.২. "এইবার হয়তো শেষ যুদ্ধ" - কোন যুদ্ধের কথা বলা হয়েছে? বক্তা এই যুদ্ধকে 'শেষ যুদ্ধ' বলেছেন কেন? ১+৩

৮। **কম-বেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ২×৫=১০

৮.১. 'কোনি' উপন্যাস অবলম্বনে সাঁতার প্রশিক্ষক ক্ষিতীশ সিংহের চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর। ৫

৮.২. "এটা বুকের মধ্যে পুষে রাখুক"— কে, কোন প্রসঙ্গে কথাটি বলেছেন? কী পুষে রাখার কথা বলা হয়েছে? তা পুষে রাখলে কী হবে? ১+২+২

৮.৩. "ওইটাই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি" - বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

৯। **চলিত বাংলায় অনুবাদ করো ঃ** ৪

The teachers are regarded as the back bone of the society. They built the future citizens of country. They love students as their children. The teachers always encourage and inspire us to be good and great in life.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫

১০.১ সোস্যাল মিডিয়ার ভালো-মন্দ বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২. 'রক্ত দান জীবন দান'-এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **কম-বেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে রচনা লেখো ঃ** ১০

১০১. চরিত্র গঠনে খেলাধুলার প্রয়োজনীয়তা।

১০.২. দৈনন্দিন জীবনে বিজ্ঞান।

১০.৩. বাংলার উৎসব।

১০.৪. একটি ভ্রমণের অভিজ্ঞতা।

## ANSWER KEY

১.১ (ঘ) পাঁচ-পৃষ্ঠার ১.২ (ঘ) অপূর্ব ১.৩ (গ) বাসের ড্রাইভার কাশীনাথ ১.৪ (ঘ) পৃথিবীর ১.৫ (ক) প্রকৃতির দৃষ্টি অতীত জাদু ১.৬ (ঘ) শিশু চাঁদের কর ১.৭ (খ) রাজপুত ১.৮ (ক) লর্ড কার্জন ১.৯ (গ) ইংরেজি জানে না বা অতি অল্প জানে ১.১০ ক) জয় সূচক ধ্বনি ১.১১ ক) রূপক কর্মধারয় ১.১২ (গ) কর্মকারক ১.১৩ (খ) আহ্বান ১.১৪ (খ) আকাঙ্ক্ষা ১.১৫ (ক) একটি ১.১৬ (গ) কর্মকর্তৃবাচ্যে ১.১৭ (গ) কর্মবাচ্য > কর্তৃবাচ্য

## BANDEL ST. JOHN'S HIGH SCHOOL
### BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-৯০

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১৭×১=১৭

১.১ তেলের খনির কারখানার মিস্ত্রিরা চাকরির উদ্দেশ্য গিয়েছিল —

(ক) রেঙ্গুন (খ) কলকাতা (গ) দিল্লী (ঘ) কোনটিই নয়

১.২ "নদের চাঁদকে পিষিয়া দিয়া চলে গেল"—

(ক) ৭ নং ডাউন প্যাসেঞ্জার (খ) ৭ নং আপ প্যাসেঞ্জার

(গ) ৫ নং আপ প্যাসেঞ্জার (ঘ) ৫ নং ডাউন প্যাসেঞ্জার

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



১.৩ বাড়ির ঠাট্টা তামাশার মধ্যেই তপন গল্প লিখেছিল—
(ক) একটি (খ) দু-তিনটি (গ) দুটি (ঘ) তিন-চারটি

১.৪ যুদ্ধের আগুনের দাবদাহে নষ্ট হয়ে গেল যে বাদ্যটি তা হলো—
(ক) সেতার (খ) হারমোনিয়াম (গ) বীণা (ঘ) জলতরঙ্গ

১.৫ "উল্কা ছুটায় নীল খিলানে" — কে ছুটায়?
(ক) ঔপনিবেশিক ব্রিটিশ সরকার (খ) স্বাধীনতাকামী বিপ্লবীরা
(গ) সাধারণ মানুষ (ঘ) মহাকালের রথের ঘোড়া

১.৬ অজস্র চিল-শকুনের সঙ্গে লড়াই করেন কবি কী দিয়ে?
(ক) বজ্র দিয়ে (খ) সাহসে বুক বেঁধে (গ) কথার মায়াজাল বিস্তার করে (ঘ) গান দিয়ে

১.৭ চারখণ্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে কত টাকা পেয়েছিলেন?
(ক) ৭ টাকা (খ) ৮ টাকা (গ) ৯ টাকা (ঘ) ১০ টাকা

১.৮ 'আক্ষরিক অনুবাদের দোষ থেকে মুক্ত না হলে সুপ্রতিষ্ঠিত হবে না' —
(ক) বৈজ্ঞানিক গবেষণা (খ) বৈজ্ঞানিক আলোচনা (গ) পরিভাষা (ঘ) বৈজ্ঞানিক সাহিত্য

১.৯ 'হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড' — উক্তিটি —
(ক) রবীন্দ্রনাথের (খ) বঙ্কিমচন্দ্রের (গ) কালিদাসের (ঘ) বিদ্যাসাগরের

১.১০ 'আনন্দে করিব পান সুধা নিরবধি" — চিহ্নিত পদটির কারক হল—
(ক) কর্তৃকারক (খ) কর্মকারক (গ) করণ কারক (ঘ) অপাদান কারক

১.১১ কৃদন্ত পদ বলে —
(ক) কৃৎ-প্রত্যয় যুক্ত পদকে (খ) ক্রিয়াবাচক বিশেষ্যকে (গ) কৃ-ধাতুর পদকে (ঘ) ক্রিয়াপদকে

১.১২ ব্যাসবাক্যের 'ব্যাস' শব্দের অর্থ-
(ক) প্রভাব (খ) সংক্ষেপ (গ) বিস্তার (ঘ) বিশেষ অর্থ

১.১৩ 'সিংহাসন'-এর সমাস হল —
(ক) রূপক কর্মধারয় (খ) বহুব্রীহি সমাস (গ) মধ্যপদলোপী কর্মধারয় (ঘ) অপাদান তৎপুরুষ

১.১৪ 'পৃথিবী হয়তো বেঁচে আছে' — অর্থগত দিক থেকে বাক্যটি যে শ্রেণির —
(ক) নির্দেশক বাক্য (খ) বিস্ময়সূচক বাক্য (গ) অনুজ্ঞাসূচক বাক্য (ঘ) সন্দেহবাচক বাক্য

১.১৫ 'সুতপা সরমাকে বাংলা পড়াচ্ছে'- এই বাক্যে বিশেষ্য খণ্ডটি হল—
(ক) বাংলা (খ) সুতপা (গ) সরমা (ঘ) সরমাকে বাংলা

১.১৬ 'জানলা খুলে গেল' — এটি যে বাচ্যের উদাহরণ তা হল—
(ক) কর্তৃবাচ্য (খ) ভাববাচ্য (গ) কর্মবাচ্য (ঘ) কর্ম-কর্তৃবাচ্য

১.১৭ অনুসর্গযুক্ত কর্তা যে বাচ্যে বসে—
(ক) কর্তৃবাচ্যে (খ) কর্মবাচ্যে (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য

২। **কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও :** ১৯

**২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :**

২.১.১ 'ও নিয়ম রেলওয়ে কর্মচারীর জন্য' — বক্তা কোন নিয়মের কথা বলেছে?

২.১.২ 'চোখের পলকে কোথায় যে অদৃশ্য হইয়া গেল' — কী অদৃশ্য হয়ে গেল?

২.১.৩ 'অমৃত দৃঢ়স্বরে বলল' — অমৃত কী বলেছিল?

২.১.৪ 'সারাবাড়িতে শোরগোল পড়ে যায়,' — কেন?

২.১.৫ 'কিন্তু দোকানদার হেসে ফেলে- হরির কাণ্ড।' — হরির কোন কাণ্ড দেখে দোকানদার হেসে ফেলেন

**২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :**

২.২.১ "ত্বরায় আমি আসিব ফিরিয়া" — কখন ফিরে আসার কথা বলা হয়েছে?

২.২.২ "সভ্যের বর্বর লোভ" - বলতে কী বোঝ?

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



২.২.৩ "গান তো জানি একটা দুটো" — একটা দুটো গান জেনে কবি কী করতে পারলেন?

২.২.৪ "তুরিত গমনে আসি" — 'তুরিত গমনে' এসে পদ্মা কী দেখতে পেয়েছিলেন?

২.২.৫ 'অসুখী একজন' কবিতার প্রকৃত কবির নাম কী?

**২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** ৩×১=৩

২.৩.১ 'দার্শনিক তাকেই বলি' — কাকে প্রাবন্ধিক দার্শনিক বলেন?

২.৩.২ পাশ্চাত্য দেশের সঙ্গে এদেশের জনসাধারণের বৈজ্ঞানিক জ্ঞানের পার্থক্য কোথায়?

২.৩.৩ বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার বাধা কোথায়?

২.৩.৪ '....বুড়ো-বুড়িরা আশীর্বাদ করতেন'— বুড়ো-বুড়িরা কী বলে আশীর্বাদ করতেন?

**২.৪. নীচের যে-কোনো আটটি প্রশ্নের উত্তর লেখো :** ৮×১=৮

২.৪.১ বিভক্তির কাজ কী?

২.৪.২ 'হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে' — নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩ 'অভাব' অর্থে একটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ দাও।

২.৪.৪ ব্যাসবাক্যটিকে সমাসবদ্ধ করে কোন শ্রেণির সমাস তা নির্ণয় করো — 'পঙ্কে জন্মে যা'।

২.৪.৫ কথাটি ছড়িয়ে পড়ল। — না বাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৬ 'আমি যেখানে কাজ করি সেটা লেখালেখির আপিস।' — সরল বাক্যে পরিবর্তন করো।

২.৪.৭ 'দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে,'— ভাববাচ্যে পরিবর্তন করো।

২.৪.৮ বাক্যের বিধেয় কাকে বলে?

২.৪.৯ ঘটিত কর্তৃবাচ্য কাকে বলে উদাহরণ দাও।

২.৪.১০ বহুব্রীহি সমাস কাকে বলে?

**৩। প্রসঙ্গ নির্দেশ সহ দুটি প্রশ্নের উত্তর দাও ঃ (অনধিক ৬০টি শব্দে)** ২×৩=৬

**৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৩=৩

৩.১.১ বিরাগীর ছদ্মবেশে হরিদার সাজপোশাক ও অভিব্যক্তি কীরূপ ছিল? ৩

৩.১.২ 'সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল'- কে, কী কারণে কেঁদে ফেলেছিল? ১+২

**৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৩=৩

৩.২.১ 'অস্ত্র রাখো গানের দুটি পায়ে'— অস্ত্র কীসের প্রতীক? কবি অস্ত্র রাখতে বলেছেন কেন? ১+২

৩.২.২ 'দিব্য পুরী সমুদ্র মাঝার।' — 'দিব্যপুরী' বলতে কোন পুরীকে বোঝানো হয়েছে? তার বর্ণনা দাও। ১+২

**৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৫=৫

৪.১ 'ভয়ে অমৃতের বুক ঢিপঢিপ করেছিল'। — অমৃত কেন ভয় পেয়েছিল? তার সেই ভয় কীভাবে দূর হল? ২+৩

৪.২ 'নদীকে এভাবে ভালোবাসিবার একটা কৈফিয়ত নদেরচাঁদ দিতে পারে' — নদীর সঙ্গে নদেরচাঁদের সম্পর্কটি সংক্ষেপে আলোচনা করো। ৫

**৫। কম-বেশি ১৫০ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৫=৫

৫.১ 'দেখিয়া রূপের কলা বিস্মিত হইল বালা' — 'বালা' শব্দের অর্থ কী? তার বিস্মিত হওয়ার কারণ কী? ১+৪

৫.২ "শঙ্কাকে চাচ্ছিল হার মানাতে"— কে, কীভাবে শঙ্কাকে হার মানাতে চাইছিল? শঙ্কাকে হার মানানোর প্রতিদান কী ছিল? ১+২+২

**৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৫=৫

৬.১ 'সেই আঘাতেরই পরিণতি নাকি তাঁর মৃত্যু।' — কে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন? লেখকের এই সংশয় প্রকাশের কারণ কী? ১+২+২

৬.২ 'আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন' — 'শব্দের ত্রিবিধ কথা' কী কী? এই বিষয়কে ভিত্তি করে প্রাবন্ধিক সাধারণ সাহিত্য থেকে বৈজ্ঞানিক সাহিত্যকে আলাদা করেছেন কেন? ২+৩

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



৭। **কম-বেশি ১২৫ শব্দে একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৪=৪

৭.১ 'সেদিন যে দণ্ড আপনারা দেবেন, আমি মাথা পেতে নেব।" — বক্তা কে? তার এমন মন্তব্যের কারণ উল্লেখ করো।

৭.২ 'সিরাজদ্দৌলা' নাট্যাংশ অবলম্বনে লুৎফা চরিত্রের বিশেষ দিকগুলি আলোচনা করো।

৮। **কমবেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :** ২×৫=১০

৮.১ "মেডেল তুচ্ছ ব্যাপার, কিন্তু একটা দেশ বা জাতির কাছে মেডেলের দাম অনেক" — কোন প্রসঙ্গে এই উক্তি এর মর্মার্থ লেখো।

৮.২ "কোনিকে বিভ্রান্ত করল হিয়ার এই কথাটা" — হিয়ার কোন কথা, কেন কোনিকে বিভ্রান্ত করল? এই বিভ্রান্তি দূর করার জন্য সে নিজের মনে কী বলেছিল? ১+২+

৮.৩ "হঠাৎ কোনির দুই চোখ জলে ভরে গেল।" — কেন? এরপর কী হয়েছিল? ২+

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** ৪

Student life is the stage of preparation for future. This is the most important period of life. student is young today, but he will be a man tomorrow. He has different duties.

১০। **কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো :** ১×৫=৫

১০.১ 'ফেসবুক' ব্যবহারের সতর্কতা বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা।

১০.২ যতই দিন যাচ্ছে ততই হারিয়ে যাচ্ছে বই পড়ার অভ্যাস এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **অনধিক ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :** ১০

১১.১ সময়ের মূল্য

১১.২ সোশ্যাল মিডিয়ার গ্রাসে বর্তমান প্রজন্ম

১১.৩ বিজ্ঞান ও কুসংস্কার

১১.৪ দ্বিশতবর্ষে মাইকেল মধুসূদন দত্ত

---

## ANSWER KEY

১.১. (ক) রেঙ্গুন ১.২. (ক) ৭ নং ডাউন প্যাসেঞ্জার ১.৩. (খ) দু-তিনটি ১.৪. (ঘ) জলতরঙ্গ ১.৫. (ঘ) মহাকালের রথের ঘোড়া ১.৬. (ঘ) গান দিয়ে ১.৭. (ক) ৭ টাকা ১.৮. (ঘ) বৈজ্ঞানিক সাহিত্য ১.৯. (গ) কালিদাসের ১.১০. (গ) করণ কারক ১.১১. (ক) কৃৎ-প্রত্যয়যুক্ত পদকে ১.১২. (গ) বিস্ত ১.১৩. (গ) মধ্যপদলোপী কর্মধারয় ১.১৪. (ঘ) সন্দেহবাচক বাক্য ১.১৫. (খ) সুতপা ১.১৬. (ঘ) কর্ম-কর্তৃ ১.১৭. (খ) কর্মবাচ্যে

---

# MALATIPUR R. K. GIRLS' HIGH SCHOOL

## BENGALI

সময়ঃ ৩ ঘঃ ১৫ মিনিট পূর্ণমান-

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১৭×১=

১.১ "আমাদের পথ নেই আর"—'পথ' শব্দটি কবিতায় ব্যবহৃত হয়েছে—

ক) দু-বার খ) একবার গ) চারবার ঘ) তিনবার।

১.২ 'যুগান্তের কবি' কী বলবেন—

ক) ক্ষমা চাই খ) ক্ষমা করো গ) ক্ষম মোরে ঘ) ক্ষমা করুন।

১.৩ তপনের লেখা গল্পের নাম কী ছিল?

ক) ছুটি খ) অবসর গ) প্রথম দিন ঘ) কোনোটাই নয়।

১.৪ বিচিত্র সব ছদ্মবেশ ধারণ করে বহুরূপী সাজতেন—

ক) অনাদি খ) জগদীশবাবু গ) ভবতোষ ঘ) হরিদা।

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



১.৫ শ্রীপান্থের আসল নাম—
ক) অন্নদাশঙ্কর রায় খ) নিখিলনাথ রায় গ) নিখিল সরকার ঘ) সুবোধ ঘোষ।

১.৬ 'ইজার' শব্দের অর্থ—
ক) ধুতি খ) পাজামা গ) লুঙ্গি ঘ) জিনস্।

১.৭ '.. রোষে মহাবলী/মেঘনাদ ; ফেলাইলা'— কী ফেলার কথা বলা হয়েছে?
ক) কুসুমদাম খ) কনক বলয় গ) শর ঘ) রণসাজ।

১.৮ 'কেবল আশ্চর্য'—আশ্চর্যের বিষয়টি ছিল —
ক) শরীরের গঠন খ) মাথার পাগড়ি গ) বাহারের দীনতা ঘ) দুটি চোখের দৃষ্টি।

১.৯ পিতলের চাইতে অ্যালুমিনিয়াম হালকা"—এই জ্ঞানটি হল—
ক) বিশেষ জ্ঞান খ) অসামান্য জ্ঞান গ) সামান্য জ্ঞান ঘ) সুগভীর জ্ঞান।

১.১০ অনুসর্গগুলি এক প্রকার—
ক) বিশেষ্য খ) অব্যয় গ) বিশেষণ ঘ) ক্রিয়া।

১.১১ 'বিভক্তি' শব্দের অর্থ হল—
ক) বিভাজন খ) অভাজন গ) ভক্তি ঘ) বিকৃতি করা।

১.১২ 'দশানন' পদটি কোন সমাসের উদাহরণ—
ক) দ্বিগু খ) বহুব্রীহি গ) দ্বন্দ্ব ঘ) তৎপুরুষ।

১.১৩ দ্বিগু সমাসের পূর্ব পদটি হল—
ক) গুণবাচক খ) সংখ্যাবাচক গ) বস্তুবাচক ঘ) ব্যক্তিবাচক।

১.১৪ 'ওমা, মেয়ে বলে কী।'—এটি কী ধরনের বাক্য?
ক) প্রশ্নসূচক খ) আবেগ সূচক গ) নির্দেশক ঘ) জটিল

১.১৫ 'আমি একদিনও না দেখিলাম তারে'—এটি কোন ধরনের বাক্য?
ক) নঞর্থক বাক্য খ) অস্ত্যর্থক বাক্য গ) সদর্থক ঘ) বিপরীতার্থক।

১.১৬ মহাশয়ের থাকা হয় কোথায়?—এটি কোন বাচ্যের উদাহরণ?
ক) কর্তৃবাচ্যের খ) কর্মবাচ্যের গ) ভাববাচ্যের ঘ) কর্মকর্তৃবাচ্যের।

১.১৭ কর্মবাচ্যের কর্তাকে বলে—
ক) উক্ত কর্তা খ) অনুক্ত কর্তা গ) সহযোগী কর্তা ঘ) ব্যতিহার কর্তা।

**২। কমবেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ** **১৯×১=১৯**

**২.১। যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ** **৪×১=৪**

২.১.১ অমৃতের জামা ছিঁড়ে যাওয়ার সত্ত্বেও তার মা তাকে কিছু বললেন না কেন?

২.১.২ ইসাবের বাবার শান্ত গলা শুনে ইসাব ও অমৃত কী ভেবেছিল ?

২.১.৩ 'নদীর বিদ্রোহ' গদ্যাংশটি কার লেখা ?

২.১.৪ 'তাহাকে আর একটা ঘরে আটকাইয়া রাখা হইয়াছে' কাকে, কী সন্দেহে আটকে রাখা হয়েছিল ?

২.১.৫ নদেরচাঁদ পেশায় কী ছিল ?

**২.২। যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ** **৪×১=৪**

২.২.১ 'পদ্মাবতী' কাব্যগ্রন্থটি কোন সময়ের রচনা?

২.২.২ সিংহলে যাত্রাকালে কে রত্নসেনকে সাহায্য করেছিলেন?

২.২.৩ কবি অস্ত্র কোথায় সমর্পণ করতে বলেছেন ?

২.২.৪ 'আসছে এবার.........' কে কীভাবে আসছেন?

২.২.৫ 'বিদ্রুপ করছিলে ভীষণকে...' কীভাবে 'বিদ্রুপ' করছিল?

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



**২.৩। যেকোনো ৩টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৩×১

২.৩.১ প্রাচীন সুমেরীয়রা কীভাবে কলম বানাত ?

২.৩.২ ফিনিসীয় হলে লেখক কী করতেন ?

২.৩.৩ 'বৈজ্ঞানিক সন্দর্ভ'-বলতে কী বোঝানো হয়েছে ?

২.৩.৪ পরিভাষা সংকলনে কাদের চেষ্টা অধিকতর সফল হয়েছে বলে মনে করেছেন প্রাবন্ধিক ?

**২.৪। যেকোনো ৮টি প্রশ্নের উত্তর দাও ঃ** ৮×১

২.৪.১ তির্যক বিভক্তি কাকে বলে ?

২৪.২ অকারক পদ কাকে বলে ?

২.৪.৩ 'ব্রীহি' শব্দটির অর্থ কী ?

২.৪.৪ সমাস কাকে বলে ?

২.৪.৫ 'দৃঢ়প্রতিজ্ঞ' শব্দটির ব্যাসবাক্য লিখে দেখাও।

২.৪.৬ সরল বাক্যে কয়টি বাক্যাংশ থাকে ?

২.৪.৭ প্রশ্নবোধক বাক্য কাকে বলে ?

২.৪.৮ বাক্য গঠনের শর্তগুলি কী কী ?

২.৪.৯ 'কোথায় থাকেন?'—ভাববাচ্যে পরিবর্তন করো।

৩। **প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দের মধ্যে উত্তর লেখো ঃ** ৩+৩

**৩.১। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৩

৩.১.১ 'আজ আর অন্য কথা নেই'—কোন দিনের কথা বলা হয়েছে? সেদিন অন্য কোনো কথা নেই কেন? ১

৩.১.২ 'বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের'— কী কারণে নদেরচাঁদের ভয় করতে লাগল ?

**৩.২। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৩

৩.২.১ 'কহ দাসে লঙ্কার কুশল' — বক্তা কে? বক্তার এমন জিজ্ঞাসার কারণ কী? ১

৩.২.২ 'হাত নাড়িয়ে বুলেট তাড়াই'— হাত নাড়িয়ে কবি কীভাবে বুলেট তাড়ান?

৪। **কমবেশি ১৫০টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৫

৪.১ 'উনি ঘটনাটা জানেন, শুধু ভালোবাসার ভান করছেন' —আসল ঘটনাটি কী? উদ্দিষ্ট ব্যক্তি ভালোবাসার ভ করছিলেন কিনা বুঝিয়ে দাও। ২

৪.২ 'আমাদের তিনি আত্মীয়, শুভাকাঙ্ক্ষী, কিন্তু তাই বলে আমার দেশের চেয়ে তো তিনি আপনার নন।'— কে সম্পর্কে এমন মন্তব্য করেছেন? এই উক্তির আলোকে বক্তার মনোভাবটি ব্যক্ত করো। ১

৫। **কমবেশি ১৫০টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৫

৫.১. 'বজ্র শিখার মশাল জ্বেলে আসছে ভয়ংকর'— এখানে ভয়ংকর বলতে কাদের কথা বলা হয়েছে? তাদে ভাবে আগমন ঘটছে নিজের ভাষায় লেখো। ১

৫.২. 'সিন্ধুতীরে দেখি দিব্যস্থান'— এই 'দিব্যস্থানের' পরিচয় দাও। এখানে যে উদ্যানটির কথা আছে তা বর্ণনা ক ২

৬। **কমবেশি ১৫০টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×৫

৬.১. "কথায় বলে- কালি কলম মন, লেখে তিনজন।"—তাৎপর্য বিশ্লেষণ করো।

৬.২. "প্রীতির সহিত মাতৃভাষার পদ্ধতি আয়ত্ত করতে হয়।"—কোন শ্রেণির পাঠক সম্পর্কে লেখকের এই ম তাঁর এই মন্তব্যের কারণ কী? ১

৭। **কমবেশি ১২৫টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×১

৭.১. "মনে হয়, ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ সঞ্চালনে ভূমিকম্প।"—কে কার সম্পর্কে এই ম করেছেন? তাঁর সম্পর্কে বক্তার এরূপ মন্তব্যের কারণ কী?

৭.২. 'সিরাজদ্দৌলা' নাট্যদৃশ্য অবলম্বনে ঘসেটি বেগমের চরিত্রটি বিশ্লেষণ করো।

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in

Edutips



৮। **কমবেশি ১৫০টি শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ২×৫=১০

৮.১. "এঁরা সুইমারদের কোচ, নভিসদের নয়।"— এখানে এঁরা বলতে কাদের কথা বলা হয়েছে ? মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+৪

৮.২. জুপিটারের যে সভায় ক্ষিতীশ সিংহ চিফ ট্রেনারের পদ ছেড়েছিলেন সেই সভার বর্ণনা দাও। ৫

৮.৩. "একবার, শুধু একবার যদি তেমন কারুর দেখা পাই।"- বক্তা কে? তিনি কেন, কার দেখা পেতে চান ? ১+৪

৯। **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ** ৪

Man is the maker of fortune. We can not prosper in our life if we are afraid of labour. Some people think that success in life depends on luck or chance. Nothing can be further from truth.

১০। **কমবেশি ১৫০টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×১=৫

১০.১ সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

১০.২ তোমাদের পাড়ার ক্লাবে আয়োজিত রক্তদান শিবির-এর বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। **নিম্নলিখিত যেকোনো একটি বিষয় সম্পর্কে কমবেশি ৪০০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ লেখো ঃ** ১০

১১.১ কম্পিউটার ও আধুনিক পৃথিবী ১১.২ বাংলার কুটির শিল্প

১১.৩ তোমার প্রিয় লেখক ১১.৪ জনজীবনে সংবাদ পত্রের ভূমিকা।

## ANSWER KEY

১.১ (ক) দু-বার ১.২ (খ) ক্ষমা করো ১.৩ (গ) প্রথম দিন ১.৪ (ঘ) হরিদা ১.৫ (গ) নিখিল সরকার ১.৬ (খ) পাজামা ১.৭ (খ) কনক বলয় ১.৮ (খ) দুটি চোখের দৃষ্টি ১.৯ (গ) সামান্য জ্ঞান ১.১০ (খ) অব্যয় ১.১১ (ক) বিভাজন ১.১২ (খ) বহুব্রীহি ১.১৩ (খ) সংখ্যাবাচক ১.১৪ (খ) আবেগসূচক ১.১৫ (ক) নঞর্থক ১.১৬ (গ) ভাববাচ্যের ১.১৭ (খ) অনুক্তকর্তা

Free নোটস সাজেশন এবং স্কলারশিপ আপডেট - আমাদের ওয়েবসাইটে EduTips.in ভিজিট করুন! edutips.in